মেহেরপুর-১ আসনের জামায়াত এমপি প্রার্থী মাওলানা তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুর পৌর শাখার গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার মাগরিবের নামাজের পর মেহেরপুর পৌর এলাকার প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন, জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুবুল আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের পদপ্রার্থী চেয়ারম্যান জাব্বারুল ইসলাম মাষ্টার, বকুল মাষ্টার আব্দুর সালামসহ আরও উপস্থিত ছিলেন, জেলার এবং পৌর শাখার নেতৃবৃন্দ।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মাওলানা তাজউদ্দিন খান আবারও জেলা জামায়াতের আমীর নির্বাচিত

আগামী ২০২৫-২৬ সেশনের জন্য সদস্যদের (রুকন) প্রত্যক্ষ ভোটে বাংলাদেশ জামায়াত ইসলামী মেহেরপুর জেলার পুনরায় আমীর নির্বাচিত হয়েছেন মাওলানা তাজউদ্দিন খান।